

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ৫৫৯

১১/ জানাযা (كتاب صلاة الجنائز)

পরিচ্ছেদঃ ১১/২৩. কবরের উপর (জানাযার) সালাত আদায়।।

الصلاة على القبر

আরবী

حَدِيثُ ابْنِ عَبَّاسٍ عَنْ سُلَيْمَانَ الشَّيْبَانِيِّ قَالَ: سَمِعْتُ الشَّعْبِيَّ، قَالَ: أَخْبَرَنِي مَنْ مَرَّ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى قَبْرِ مَنْبُودٍ فَأَمَّهُمْ وَصَفُّوا عَلَيْهِ فَقُلْتُ يَا أَبَا عَمْرٍو: مَنْ حَدَّثَكَ فَقَالَ: ابْنُ عَبَّاسٍ

বাংলা

৫৫৯. সুলাইমান আশ-শাইবানী হতে বর্ণিত, তিনি বলেন, আমি শা'বী কে বলতে শুনেছি, তিনি বলেন, এমন এক ব্যক্তি আমাকে খবর দিয়েছেন, যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে একটি পৃথক কবরের নিকট গেলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে লোকদের ইমামত করেন। লোকজন কাতারবন্দী হয়ে তাঁর পিছনে দাঁড়িয়ে গেল। আমি জিজ্ঞেস করলাম, হে আবু আমর! কে আপনাকে এ হাদীস বর্ণনা করেছেন? তিনি বললেন, ইবনু আব্বাস (রাযি.)

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০: আযান, অধ্যায় ১৬১, হাঃ ৮৫৭; মুসলিম, পর্ব ১১ : জানাযা, অধ্যায় ২৩, হাঃ ৯৫৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=59047>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন